



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০১৬

আজকের স্মার্ট শিক্ষার্থীরাই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করবে: নৌপরিবহন প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৮ শ্রাবণ (২৩ জুলাই):

আজকের স্মার্ট শিক্ষার্থীরাই অদূর ভবিষ্যতে একটি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করবে বলে মন্তব্য করেছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, এমপি।

আজ রবিবার (২৩ জুলাই) সকাল সাড়ে দশটায় রাজশাহী মহানগরীতে অবস্থিত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চত্বরে ইদ পুনর্মিলনী ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের উদ্দেশে নৌপরিবহন প্রতিমন্ত্রী বলেন, শ্রেণিকক্ষ থেকে যে শিক্ষা গ্রহণ করা হয় সেটাই প্রকৃত শিক্ষা নয়, ক্যাম্পাস ও ইতিহাস থেকে যে শিক্ষা নেবে সেটাই প্রকৃত শিক্ষা। দেশে একটি মহল সবসময় ইতিহাস বিকৃতির পায়তারা করেছে। তোমাদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হতে হবে। তিনি শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়কে উত্তরাঞ্চলের একটি শ্রেষ্ঠ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে উল্লেখ করে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, আজকে এই প্রতিষ্ঠানটি নিজস্ব ক্যাম্পাসে পাঠদান শুরু করতে যাচ্ছে- এটা অত্যন্ত আনন্দের ব্যাপার। মনোমুগ্ধকর পরিবেশে ৫৪ বিঘা আয়তনের এই বেসরকারি বিশ্ববিদ্যালয়টি আজ একটি আধুনিক জ্ঞানচর্চর কেন্দ্র।

প্রতিমন্ত্রী শিক্ষাপ্রতিষ্ঠানটির সাফল্যের প্রশংসা করে বলেন, অল্প কিছুদিনের মধ্যেই বরেন্দ্র বিশ্ববিদ্যালয় ওয়ার্ল্ড ইউনিভার্সিটির তালিকায় স্থান পেয়েছে- এটা অত্যন্ত গর্বের। একদিন এই প্রতিষ্ঠানটি বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোর কাতারে জায়গা করে নেবে। এই প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা যে জ্ঞান লাভ করবে, তা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা রাখবে বলে এ সময় তিনি আশা প্রকাশ করেন।

নৌপরিবহন প্রতিমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর তাঁর কাছে আটটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবনা দেয়া হয়েছিল। এর মধ্যে তিনি সর্বপ্রথম বরেন্দ্র বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দিয়েছিলেন এবং এরই ধারাবাহিকতায় ২০১৭ সালে প্রধানমন্ত্রী প্রথম কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন- সেটা হলো বরেন্দ্র বিশ্ববিদ্যালয়।

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. ফয়জার ঐর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হাফিজুর রহমান খান, উপদেষ্টা মন্ডলীর সদস্য প্রফেসর ড. এম সাইদুর রহমান খান, মহাসচিব এ কে এম কামরুজ্জামান খান, প্রধান স্থপতি আর্কিটেক্ট প্যাট্রিক ডি রোজারিও, নির্বাহী পরিচালক শামীম আহসান পারভেজ, উপ-উপাচার্য ড. আনন্দ কুমার সাহা প্রমুখ।

উল্লেখ্য, ২০১২ সালের মার্চে বরেন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে ওই বছরের ২৪ সেপ্টেম্বর ৮৭ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করে শিক্ষাপ্রতিষ্ঠানটি। বর্তমানে বিশ্ববিদ্যালয়টিতে মোট শিক্ষার্থীর সংখ্যা প্রায় ছয় হাজার।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৬.২৫ঘ.